গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
৪নং রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
www.dol.gov.bd

নং- ৪০.০২.০০০০.০৩৪.৫০.০০৬.২০১৮-১৬৬ তারিখঃ ০২/০৪/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ- **এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড -এ যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ) নির্ধারণী নির্বাচন অনুষ্ঠান।**

১। **এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড - এ** আগামী ১১ এপ্রিল, ২০১৮ খ্রিঃ (২৮ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ) তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতি ছাড়া অব্যাহতভাবে গোপন ব্যালটের মাধ্যমে সি.বি.এ.নির্ধারণী নির্বাচন অনুষ্ঠিত হবে।

২। **এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বী ইউনিয়নসমূহের নামের পার্শ্বে বর্ণিত প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বীতা করবেন ঃ**

| | | |
|---|---|---|
| (ক) | এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিঃ শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ<br>(রেজি নং ঃ বি-২১৩৭), | **"ছাতা"** |
| (খ) | এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড শ্রমিক কর্মচারী লীগ<br>(রেজিঃ নংঃ বি- ২১৮৯) | **"গোলাপ ফুল"** |

৩। **এই নির্বাচনে ভোট গ্রহণের জন্য দেশব্যাপী নিম্নোক্ত সর্বমোট ০৫ (পাঁচ) টি ভোট গ্রহণ কেন্দ্র স্থাপন করা হবে ঃ**

| ক্রমিক নং | ভোট কেন্দ্রের নাম ও ঠিকানা | কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার পদবী | ভোটারদের অফিসের নাম (যে সকল অফিসের ভোটারদের জন্য ভোট কেন্দ্র নির্দিষ্ট করা হইয়াছে ) | ভোটার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ |
| ১ | **ঢাকা কেন্দ্র**<br>**ঢাকা প্রধান কার্যালয়**<br>৩৯৫-৩৯৭, তেজগাঁও শি/এ,<br>ঢাকা- ১২০৮। | জনাব মোঃ সাহাবুদ্দীন খান<br>ব্যবস্থাপক<br>এডমিন এন্ড এইচআরএম<br>মোবাইলঃ ০১৯৮৯-৮০৬৯৩৩<br><br>তিন্নিকা বড়ুয়া<br>উপ-ব্যবস্থাপক<br>এডমিন এন্ড এইচআরএম<br>মোবাইল ঃ ০১৭৩০-২৬১৮৭৯<br><br>জনাব শেখ মাশুক ইসলাম<br>উর্দ্ধতন প্রশাসনিক কর্মকর্তা<br>মোবাইল ঃ ০১৭১০-৭৭২৫০৮ | **ঢাকা প্রধান কার্যালয়**<br>৩৯৫-৩৯৭, তেজগাঁও শি/এ,<br>ঢাকা- ১২০৮। | ১২৬১ জন |
| ২ | **বগুড়া কেন্দ্র**<br>ইডিসিএল<br>বগুড়া অফিস, ঠনঠনিয়া,<br>বগুড়া। | জনাব মোহাম্মদ সেলিম<br>উর্দ্ধতন প্রশাসনিক কর্মকর্তা<br>অফিস ঃ ০৫১-৬১০৭৯<br>মোবাইল ঃ ০১৯২৩-০৩৮৯০১<br><br>জনাব বদরুল আলম<br>উর্দ্ধতন প্রশাসনিক কর্মকর্তা<br>অফিস ঃ ০৫১-৬১০৭৯<br>মোবাইল ঃ ০১৭১২-৮৫৩২৭০<br><br>জনাব মোঃ মাহফুজার রহমান খান<br>প্রশাসনিক কর্মকর্তা<br>অফিস ঃ ০৫১-৬১০৭৯<br>মোবাইল ঃ ০১৭৬১-৯৫৯৫৪৫ | ইডিসিএল<br>বগুড়া অফিস, ঠনঠনিয়া,<br>বগুড়া। | ৪৮০ জন |

| ক্রমিক নং | ভোট কেন্দ্রের নাম ও ঠিকানা | কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার পদবী | ভোটারদের অফিসের নাম (যে সকল অফিসের ভোটারদের জন্য ভোট কেন্দ্র নির্দিষ্ট করা হইয়াছে ) | ভোটার সংখ্যা |
|---|---|---|---|---|
| ৩ | **খুলনা কেন্দ্র**<br>কেইএলপি<br>খুলনা অফিস, মাওমডাঙ্গা, গিলাতলা, খুলনা | জনাব মোঃ আজিজুল ইসলাম<br>ব্যবস্থাপক, কোয়ালিটি কন্ট্রোল<br>মোবাইল ঃ ০১৭১১-২৮১৫১৯<br>জনাব খোন্দকার নুর ইসলাম<br>সহকারী প্রশাসনিক কর্মকর্তা<br>মোবাইল ঃ ০১৭২১-০১৫৬৯৫<br>শাপলা খাতুন<br>সহকারী নিরাপত্তা কর্মকর্তা<br>মোবাইল ঃ ০১৭৪২-৯১২৩০৪ | কেইএলপি<br>খুলনা অফিস মাওমডাঙ্গা, গিলাতলা, খুলনা | ৪০০ জন |
| ৪ | **মধুপুর, টাঙ্গাইল কেন্দ্র**<br>ইএলপিপি, মধুপুর, টাঙ্গাইল অফিস মধুপুর, রাবার বাগান | জনাব মোঃ কবির হোসেন<br>উপ-ব্যবস্থাপক<br>ক্রয় এন্ড এডমিন ইনচার্জ<br>মোবাইল ঃ ০১৭১৬-৯৫৫৯৬৪ | ইএলপিপি, মধুপুর, টাঙ্গাইল অফিস মধুপুর, রাবার বাগান | ৫৭ জন |
| ৫ | **গোপালগঞ্জ কেন্দ্র**<br>ইডিসিএল (৩য় প্রকল্প)<br>গোপালগঞ্জ অফিস<br>ঘোনাপাড়া মোড়, গোপালগঞ্জ | জনাব এস.এম. কামাল হোসেন<br>উপ-ব্যবস্থাপক, ভান্ডার<br>মোবাইল ঃ ০১৭১৫-০১১৭০৮<br>০১৬৭৮-১০০৭৭৩ | ইডিসিএল (৩য় প্রকল্প)<br>গোপালগঞ্জ অফিস ঘোনাপাড়া মোড়, গোপালগঞ্জ | ১২ জন |
| | | | **সর্বমোট =** | **২২১০ জন** |

৪। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রত্যায়িত চূড়ান্ত ভোটার তালিকায় যাদের নাম অন্তর্ভূক্ত হয়েছে তারাই কেবলমাত্র নির্দিষ্ট ভোট গ্রহণ কেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন। **তবে যারা পিআরএল ভোগরত আছেন তাদের নাম ভোটার তালিকায় থাকলেও তারা ভোট দিতে পারবেন না। মোবাইল, ক্যামেরা, ট্যাব, কলম, ব্যাগ নিয়ে বুথে প্রবেশ করা যাবে না।**

৫। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্বাচনের অন্ততঃ ০৭ (সাত) দিন পূর্বে প্রত্যেক ভোটারকে ছবিযুক্ত পরিচয় পত্র প্রদান নিশ্চিত করিবেন । পরিচয় পত্র ছাড়া কোন ভোটারকে ভোট প্রদান করতে দেওয়া হবে না ।

৬। **ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ভোট কেন্দ্রে গোপন ব্যালটে ভোট গ্রহণের উপযোগী করে ঢাকা কেন্দ্রের জন্য ০৩ টি এবং বগুড়া, খুলনা, মধুপুর (টাঙ্গাইল) এবং গোপালগঞ্জ কেন্দ্রের জন্য ০১ টি করে পোলিং বুথ নির্বাচনের অন্ততঃ ০১ (এক) দিন পূর্বে নির্মাণ করতে হবে ।**

৭। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রতিটি পোলিং বুথের জন্য নির্বাচনের অন্ততঃ দুই দিন পূর্বে ১৮"×১২"×১২" মাপের কাঠের নির্মিত ব্যালট বাক্স (যার উপরের ঢাকনা খোলা ও তালা বন্ধ করার ব্যবস্থা থাকতে হবে এবং উপরের ঢাকনায় ব্যালট পেপার প্রবেশ করানোর মত ছিদ্র থাকতে হবে) সরবরাহ করতে হবে ।

৮। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পোলিং বুথের চারিপার্শ্বে ৪৫ (পঁয়তাল্লিশ) মিটারের দূরত্বের বেষ্টনী তৈরি করতে হবে।

৯। ০৯/০৪/২০১৮ ইং তারিখ রাত ১২.০১ ঘটিকা হইতে নির্বাচনের চুড়ান্ত ফলাফল ঘোষনা না হওয়া পর্যন্ত যে কোন ধরণের নির্বাচনী প্রচারণা বন্ধ থাকবে। নির্বাচনের দিন পোলিং বুথের ৪৫ (পঁয়তাল্লিশ) মিটারের মধ্যে কোন নির্বাচনী ক্যাম্প স্থাপন করা ও প্রচারনা চালানো যাবে না।

১০। নির্বাচনের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর এর পক্ষ হইতে বিভিন্ন কেন্দ্রের জন্য প্রয়োজনানুযায়ী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগ করা হয়েছে। অনিবার্য কারণবশতঃ নিম্নস্বাক্ষরকারীর সহিত আলোচনা করিয়া প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারের যে কোন নিয়োগ সংশোধন করার জন্য শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিচালক (ট্রেড ইউনিয়ন), পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা, পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম, পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর,

রাজশাহী, পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২০২(১৫) (গ) ধারানুযায়ী ক্ষমতা প্রদান করা হ'ল ।

১১। প্রিজাইডিং অফিসার নির্বাচনের অন্ততঃ একদিন পূর্বে নিজ ভোট গ্রহণ কেন্দ্র পরিদর্শন করবেন এবং পোলিং বুথ, নির্বাচনী বেষ্টনী ও ব্যালট বাক্স সঠিকভাবে নির্মাণ করা না হয়ে থাকলে তা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নজরে আনবেন এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রিজাইডিং অফিসারের পরামর্শ মোতাবেক প্রয়োজনীয় সংশোধন করবেন ।

১২। প্রত্যেক প্রতিদ্বন্দ্বী ইউনিয়ন প্রতিটি ভোট কেন্দ্রের জন্য ঐ ভোট কেন্দ্রের ভোটারদের মধ্য হতে একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। নির্বাচনের দিন ভোট গ্রহণ শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সংশিষ্ট কেন্দ্রের প্রিজাইডিং অফিসারের নিকট (নমুনা ফরম প্রতিদ্বন্দ্বী ইউনিয়নকে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর কর্তৃক সরবরাহ করা হবে) পোলিং এজেন্টদের নিয়োগ পত্র দাখিল করতে হবে । কোন ইউনিয়ন কর্তৃক নির্ধারিত সময়ে পোলিং এজেন্ট নিয়োগ পত্র দাখিল করা না হলে কিংবা নিয়োজিত পোলিং এজেন্ট পোলিং বুথে উপস্থিত না থাকলেও ভোট গ্রহণ কার্যক্রম যথারীতি চলবে ।

১৩। কেন্দ্রের পোলিং বুথে ভোট গ্রহণ শুরুর অন্ততঃ ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রতিদ্বন্দ্বী ইউনিয়ন কর্তৃক নিয়োজিত পোলিং এজেন্টদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রিজাইডিং অফিসার খালি বাক্সটি দেখাইয়া সীল-গালা করে তার মুখ বন্ধ করবেন এবং বাক্সের মুখ বন্ধ করা হয়েছে মর্মে পোলিং এজেন্টগণ প্রিজাইডিং অফিসারকে একটি সার্টিফিকেট প্রদান করবেন (প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্ধারিত ফরম সরবরাহ করা হইবে) । অতঃপর ব্যালট বাক্সটি প্রিজাইডিং অফিসারের সম্মুখে রাখা হবে।

১৪। নির্বাচনের দিন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদিত একজন কর্মকর্তা সংশ্লিষ্ট ভোট গ্রহণ কেন্দ্রের প্রিজাইডিং অফিসারের সাথে প্রয়োজনীয় সংযোগ রক্ষা করবেন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন ।

১৫। ভোট গ্রহণের সময় ভোটারগণ নির্দিষ্ট প্রবেশ পথে পোলিং অফিসারের নিকট উপস্থিত হবেন এবং পরিচয় পত্র পেশ করবেন। পোলিং অফিসার সংশ্লিষ্ট ভোটারের পরিচিতি সম্পর্কে নিশ্চিত হলে প্রিজাইডিং অফিসার উক্ত পরিচয় পত্রের উপর "ব্যালট পেপার ইস্যূড" সীল মেরে পরিচয় পত্রখানা রেখে দেবেন এবং সংশ্লিষ্ট ভোটারকে একখানা ব্যালট পেপার প্রদান করবেন ( ভোটারের নিকট হতে রাখা পরিচয় পত্র ভোট গণনা শেষ হওয়ার পর স্থানীয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট ফেরৎ দেয়া হবে) ব্যালট পেপার গ্রহণকারী ভোটার প্রিজাইডিং অফিসারের নিকট হতে একটি সীল নিয়ে নির্দিষ্ট পর্দাঘেরা গোপন কক্ষে প্রবেশ করবেন ও নিজের পছন্দ অনুযায়ী ব্যালট পেপারে নির্দিষ্ট প্রতীকে কিংবা প্রতীকের ডানপার্শ্বে চারকোনা খালী স্থানে যে কোন একটি ইউনিয়নের পক্ষে সীলের ছাঁপ দেবেন । অতঃপর ব্যালট পেপার খানা ভাঁজ করে (এমনভাবে ভাঁজ করতে হবে যাতে ভোটারের পছন্দমত ইউনিয়নকে দেয়া সীলের ছাঁপ অন্য ইউনিয়নের ঘরে না পড়ে) ভাঁজ অবস্থায় পর্দাঘেরা গোপন কক্ষের বাইরে এসে প্রিজাইডিং অফিসারের সম্মূখে রক্ষিত ব্যালট বাক্সের নির্দিষ্ট ছিদ্র পথে ব্যালট পেপারটি বাক্সে ফেলে বুথ ত্যাগ করবেন। একজন ভোটার কেবলমাত্র একটি ভোট প্রদানের অধিকারী হবেন ।

১৬। ভোট গ্রহণের জন্য নির্দিষ্ট সময় শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পোলিং বুথের বেষ্টনীর মধ্যে কাউকেই প্রবেশ করতে দেওয়া হবে না। তবে নির্দিষ্ট সময়ের মধ্যে ভোট প্রদানের উদ্দেশ্যে যারা বেষ্টনীর ভিতর প্রবেশ করবেন তাদের ভোট নির্দিষ্ট সময়ের পরেও গ্রহণ করা হবে।

১৭। ব্যালট পেপারে প্রতিদ্বন্দ্বী ইউনিয়নগুলির নাম ও উহার নির্বাচনী প্রতীককে কিংবা সম্বলিত ঘরের ডান পার্শ্বের চতুস্কোন ফাঁকা জায়গাসমূহের যে কোন একটির ভিতর সীলের ছাঁপ দিতে হবে । দুই প্রতীকের মধ্য স্থানে সীল পড়লে যে প্রতীকের দিকে অর্ধেকের বেশী সীলের ছাঁপ পড়বে সেই প্রতীককে উক্ত ভোট প্রদান করা হয়েছে বলে ধরে নেয়া হবে ।

১৮। ভোট গ্রহণের নির্দিষ্ট সময়সীমা উত্তীর্ণ না হওয়া পর্যন্ত ভোট গণনা করা যাবে না। **এমনকি কোন কেন্দ্রের সকল ভোট দাতা নির্দিষ্ট সময়সীমার পূর্বে ভোট প্রদান সম্পন্ন করলেও ভোট গণনার জন্য নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত অপেক্ষা করতে হবে** ।

১৯। ভোট গ্রহণকালে কোন বিষয়ে জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট কেন্দ্রের প্রিজাইডিং অফিসার তা নিরসনের জন্য যে সিদ্ধান্ত প্রদান করবেন তাই চূড়ান্ত বলে গণ্য হবে ।

২০। ভোট গ্রহণ শেষ হলে উপস্থিত পোলিং এজেন্টদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) ব্যালট বাক্সের মুখ খোলা হবে। প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার ভোট গণনা করবেন ও রেজাল্টসীটে ফলাফল রেকর্ড করবেন । এই সময় পোলিং বুথে পোলিং এজেন্ট ছাড়া অন্য কোন ব্যক্তিকে উপস্থিত থাকতে দেয়া হবে না । তবে প্রিজাইডিং অফিসার আইন শৃংখলা রক্ষাকারী সংস্থার কর্মকর্তা/ সদস্যকে উপস্থিত থাকার অনুমতি দিতে পারবেন। ভোট গণনার সময় কোন জটিলতা দেখা দিলে প্রিজাইডিং অফিসারের মতামতই চূড়ান্ত বলে গণ্য হবে। রেজাল্টসীটে প্রিজাইডিং অফিসার ও উপস্থিত পোলিং এজেন্টগণ স্বাক্ষর দান করবেন। **যদি উপস্থিত কোন পোলিং এজেন্ট রেজাল্টসীটে স্বাক্ষর দান করতে অস্বীকার করেন অথবা ভোট গণনাকালে অনুপস্থিত থাকেন তা হলে প্রিজাইডিং অফিসার সেই মর্মে রেজাল্টসীটে মন্তব্য লিখে রাখবেন**। পোলিং এজেন্টদের সম্মুখে যথাযথভাবে ভোট গ্রহণ অনুষ্ঠান সম্পন্ন হয়ে থাকলে ভোট গণনা শেষ হওয়ার পর উপস্থিত পোলিং এজেন্টগণ প্রিজাইডিং অফিসারকে এই মর্মে একটি সার্টিফিকেট প্রদান করবেন । ভোট গণনা শেষে প্রত্যেক কেন্দ্রের ফলাফল পত্রের কপি তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট কেন্দ্রে

উপস্থিত পোলিং এজেন্ট এবং স্থানীয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সরবরাহ করা হবে । সকল কেন্দ্রের ফলাফল পাওয়ার পর সমন্বিত ফলাফলের ভিত্তিতে আইন ও বিধি মোতাবেক সি.বি.এ ঘোষণা করা হবে ।

২১। ভোট গ্রহণ কেন্দ্র এলাকায় নির্বাচনের নিয়মাবলী ভঙ্গকারী এবং বে-আইনী কার্যকলাপের জন্য অভিযুক্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার পুলিশের নিকট সোপর্দ করতে পারবেন এবং এই বিষয়ে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (অদ্যাবধি সংশোধিত) এর ২৯১ ধারানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২/৪/২০১৮

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন ঃ ৯৫৫৫৫৩৭
director_deptoflab@yahoo.com

নং- ৪০.০২.০০০০.০৩৪.৫০.০০৬.২০১৮-১৬৬(৬০) তারিখঃ ০২/০৪/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ-

১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট ডিভিশন, ঢাকা–মহামান্য আদালতের সদয় জ্ঞাতার্থে।
৩-৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী।
৬-৮। পুলিশ কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী।
৯-১১। ডি,আইজি অব পুলিশ, ঢাকা/খুলনা/রাজশাহী।
১২-২১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঢাকা/খুলনা/বগুড়া/টাঙ্গাইল/গোপালগঞ্জ।
২২। ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড, ৩৯৫-৩৯৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
২৩-২৪। পরিচালক,( প্রশাসন, হিসাব ও সাধারণ)/(পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্যপ্রযুক্তি) শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
২৫-২৮। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা/খুলনা/রাজশাহী/আইআরআই, টঙ্গী, গাজীপুর ।
২৯-৩২। উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বরিশাল/বগুড়া/রংপুর/ময়মনসিংহ।

৩৩-৪৩। ...................................................................................................... কেন্দ্র ।
৪৪-৫৭। জনাব ...............................................................................প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসার ।
৫৮। সভাপতি ও সাধারণ সম্পাদক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিঃ শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ, (রেজি নং ঃ বি-২১৩৭)
৫৯। সভাপতি ও সাধারণ সম্পাদক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড শ্রমিক কর্মচারী লীগ, (রেজিঃ নংঃ বি- ২১৮৯)
৬০। অফিস নথি।

০২/০৪/২০১৮

সহকারী পরিচালক
(ট্রেড ইউনিয়ন)
ফোনঃ ৯৫৫৫৫৪৩